# হরমুজ প্রণালীতে নতুন নৌপথ ঘোষণার প্রস্তুতিতে ইরান



হরমুজ প্রণালী। ছবি: সংগৃহীত

হরমুজ প্রণালীকে ঘিরে নতুন পদক্ষেপ নিতে যাচ্ছে ইরান। দেশটির শীর্ষ নিরাপত্তা কর্মকর্তা মোহসেন রেজায়ি জানিয়েছেন, আগামী কয়েক দিনের মধ্যে প্রণালীটির আশপাশে একটি ‘সীমিত এলাকা’ ঘোষণা করা হবে। পাশাপাশি ওমানের সঙ্গে সমঝোতার ভিত্তিতে হরমুজ দিয়ে চলাচলের জন্য নতুন একটি নৌপথ নির্ধারণের কথাও জানিয়েছেন তিনি।

এদিকে ইরানের পার্লামেন্টের স্পিকার মোহাম্মদ বাঘের গালিবাফ হুঁশিয়ারি দিয়ে বলেছেন, দেশটির ওপর আবার কোনো হামলা হলে তার জবাব আরও ‘ভারী ও বেদনাদায়ক’ হবে। শনিবার মার্কিন সামরিক বাহিনীর হামলায় ইরানের তিনটি তেলবাহী ট্যাংকার ধ্বংস হওয়ার পর তিনি এ সতর্কবার্তা দেন।

বিশেষজ্ঞদের মতে, বিশ্বের অন্যতম গুরুত্বপূর্ণ জ্বালানি পরিবহনপথ হিসেবে পরিচিত হরমুজ প্রণালীতে নতুন নৌপথ চালু এবং ‘সীমিত এলাকা’ ঘোষণার সিদ্ধান্ত আন্তর্জাতিক বাণিজ্য ও বৈশ্বিক তেল সরবরাহে নতুন চাপ সৃষ্টি করতে পারে।

LENS ASIA